

আঃ বেঁচেছি এখন ।

শর্মা ও দিকে আর নন ।

গোলেমালে ফাঁকতালে সট্কেছি কেমন ।

বাবা ! দেখে বরা'র দাঁতের পাটি,

লেগেছিল দাঁতকপাটি,

পড়ল খ'সে হাতের লাঠি

কে জানে কখন ।

চুলগুলা সব ঘাড়ে খাড়া,

চক্ষু দুটো মশাল-পারা,

গোঁ ভরে হেঁট-মুখে তাড়া

কল্লে সে যখন—

রাস্তা দেখতে পাই নে চোখে,

পেটের মধ্যে হাত পা ঢোকে,

চুপসে গেল ফাঁপা ভুঁড়ি

শঙ্কাতে তখন ।

---

Parjaay: Kaal-Mrigaya, Taal: Kaharwa-Dadra, Raag: Kafi

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail